

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর  
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ  
উপপরিচালকের দপ্তর

সেবা প্রদান প্রতিশ্রুত পরিবীক্ষণ কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	মো: নজরুল ইসলাম উপপরিচালক
সভার তারিখ	১৬ মে
সভার সময়	১২:৩০ ঘটিকা
স্থান	উপপরিচালকের কার্যালয় মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
উপস্থিতি	মুহাম্মদ সালাহ উদ্দীন কবির, সহকারী পরিচালক, শতাব্দী রায়, বৈজ্ঞানিক কর্মকর্তা, চিত্র সরকার, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা (সংযুক্ত), উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। শুরুতেই সংশ্লিষ্ট পরিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী সম্পর্কে সদস্যগণের মতামত আহ্বান করা হয়। সকল সদস্য কার্যবিবরণী প্রাপ্ত হয়েছেন এবং কোন সংশোধন প্রস্তাব নেই মর্মে মত ব্যক্ত করায় ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব উপপরিচালকের কার্যালয়ের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি আলোচনার জন্য উপস্থাপন করেন। বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণপূর্বক নিম্নোক্ত বিষয়সমূহ হালনাগাদ প্রয়োজন মর্মে সকলে মত প্রকাশ করেন।


- ক) সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লেখিত মিশন;  
খ) মন্ত্রিপরিষদ নির্ধারিত মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতির নির্ধারিত ফরম্যাটের ৭ ও ৮ নম্বর কলামের শিরোনাম;  
গ) মন্ত্রিপরিষদ নির্ধারিত মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতির নির্ধারিত ফরম্যাটের ৪ ও ৫ নম্বর কলামে বিদ্যমান অসঙ্গতি;  
ঘ) অভ্যন্তরীণ সেবার ২ নম্বর ক্রমিকে উল্লেখিত সেবার শিরোনাম;  
ঙ) অভ্যন্তরীণ সেবার ৪ নম্বর ক্রমিকে উল্লেখিত সেবা এবং  
চ) সেবা প্রদান প্রতিশ্রুতির অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) অংশে ১ ও ২ নম্বর ক্রমিকের ৩ নম্বর কলামে উল্লেখিত পদবী।

অতপর সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত:

- সেবা প্রদান প্রতিশ্রুতির ভিশন ও মিশন অংশে সঠিকভাবে মিশন লিপিবদ্ধ করতে হবে;
- মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মতে সেবা প্রদান প্রতিশ্রুতির ৭ ও ৮ নম্বর কলামের শিরোনামে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও উর্ধ্বতন কর্মকর্তার নাম কর্তন করতে হবে;
- সেবা প্রদান প্রতিশ্রুতির নির্ধারিত ফরম্যাটের ৪ ও ৫ নম্বর কলামে সঙ্গতিপূর্ণ তথ্য লিপিবদ্ধ করতে হবে;
- অভ্যন্তরীণ সেবার ২ নম্বর ক্রমিকে উল্লেখিত সেবা সংশোধনপূর্বক “সরকারি মৎস্য বীজ উৎপাদন খামারসূহের কর্মপরিকল্পনা প্রণয়নে নির্দেশনা প্রদান ও প্রাথমিক অনুমোদনের ব্যবস্থাগ্রহণ এবং উৎপাদন কার্যক্রম তদারকি ও পরামর্শ প্রদান” শিরোনাম প্রতিস্থাপন করতে হবে।;
- অভ্যন্তরীণ সেবার ৪ নম্বর ক্রমিকে ধরণভিত্তিক পৃথক ক্রমিকে সেবাসমূহ বিন্যাস করতে হবে; এবং
- সেবা প্রদান প্রতিশ্রুতির অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) অংশে ১ ও ২ নম্বর ক্রমিকের ৩ নম্বর কলামে বিভাগীয় উপপরিচালক ও উপপরিচালক (প্রশাসনে) এর স্থলে অনিক ও আপিল কর্মকর্তা উল্লেখ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।




১৭-০৫-২০২৩  
মো: নজরুল ইসলাম  
উপপরিচালক

নম্বর: ৩৩.০২.৬১০০.৩০৮.৪৪.০০২.২২.১৯৫

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
১৭ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর;
- ২। বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য সম্পদ জরিপ পদ্ধতি শাখা, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ এবং
- ৩। মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।



১৭-০৫-২০২৩  
মুহাম্মদ সালাহ উদ্দীন কবির  
সহকারী পরিচালক